

বিশেষ বাহক মারফত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
(ত্রাণ কর্মসূচি-২ অধিশাখা)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.modmr.gov.bd

নং-৫১.০০.০০০০.৪২২.১৪.০০২.১৬-১৪৮

তারিখঃ ১৮ ফাল্গুন ১৪২৩ ব./ ০২ মার্চ ২০১৭ খ্রি।

বিষয়ঃ ২০১৬-১৭ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টি.আর) কর্মসূচির আওতায় উপজেলাওয়ারী ২য় পর্যায়ের অর্থ বরাদ্দ প্রদান।

উপর্যুক্ত বিষয়ে চলতি ২০১৬-১৭ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টি.আর) কর্মসূচি বাস্তবায়নের নিমিত্ত ২য় পর্যায়ে ৬৪টি জেলার ৪৮৯টি উপজেলা এবং তেজগাঁও সার্কেল-এ টি, আর নির্দেশিকা অনুযায়ী সাধারণ বরাদ্দ প্রদানের জন্য ৬০,০০০ (ষাট হাজার) মে. টন গমের মূল্য বাবদ সর্বমোট ১৭৩,৯৬,৮৯,২০০/- (একশত তিয়াত্তর কোটি ছয়ানক্ষেত্র লক্ষ উননবই হাজার দুইশত) টাকা (প্রতি মে. টন ২৮,৯৯৪.৮২ টাকা হারে) নিম্নের্ভিত্তি শর্তে মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর বরাবর নির্দেশক্রমে ছাড় করা হলো। এই ব্যয় কোড নং ৩-৪৯০৩-০০০১-৫৯৯২ হতে নির্বাহের জন্য অনুরোধ করা হলো।

শর্তসমূহঃ

- (১) ২য় পর্যায়ের বরাদ্দের বিপরীতে প্রকল্প গ্রহণ, কাজ সমাপ্তকরণ ও অর্থ ছাড়করণের সর্বশেষ সময়সীমা ৩০/০৪/২০১৭ খ্রি: তারিখ। প্রকল্পের কাজ শুরুর পূর্বে টি.আর নির্দেশিকা অনুসরণ করে জেলা কর্ধার কমিটির নিকট প্রেরণ করে অনুমোদন নিতে হবে;
- (২) এ কর্মসূচির অর্থ ব্যয়ে প্রচলিত সকল আর্থিক বিধি-বিধান এবং টি.আর নির্দেশিকা-এর অনুশাসনাবলী অনুসরণ করতে হবে;
- (৩) এ বরাদ্দের অর্থ দিয়ে ধর্মীয়/শিক্ষা/জনকল্যাণমূলক প্রতিষ্ঠানের মেরামত/উন্নয়নে ব্যয় করা যাবে;
- (৪) এই আদেশে বরাদ্দকৃত অর্থের ৫০% অর্থ সোলার প্যানেল ও বায়োগ্যাস প্রকল্প বাস্তবায়নে ব্যবহার করতে হবে (প্রধানমন্ত্রীর কার্যালয়ের পত্র সংখ্যা-০৩,০৭১.০৪৬.১৩.০০.০০১.২০১৪-১৬৯(৪), তারিখ-২১/০৭/২০১৪ খ্রি)। সোলার হোম সিস্টেমের পার্শ্বে 'মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার উদ্যোগ' উল্লেখ করতে হবে। প্লেটটি আলো প্রতিফলনযোগ্য (Light Reflecting) হতে হবে।
- (৫) উপজেলাওয়ারী বরাদ্দের ক্ষেত্রে মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর মীতিমালা অনুযায়ী দারিদ্র, আয়তন এবং লোকসংখ্যা অনুপাতে উপজেলা/ তেজগাঁও সার্কেল এ অর্থের বিভাজন প্রণয়ন করে বরাদ্দ প্রদান করবেন এবং বিভাজনের এক সেটের অনুলিপি মন্ত্রণালয়ে প্রেরণ করবেন।

স্বাক্ষরিত/-

(মোঃ ইসমাইল হোসেন)

যুগ্মসচিব (ত্রাক-২)

ফোনঃ ৯৫৪০১৪৩

dsreliefprog2@modmr.gov.bd

মহাপরিচালক

দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ভবন
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা।

নং-৫১.০০.০০০০.৪২২.১৪.০০২.১৬-১৪৮

তারিখঃ ১৮ ফাল্গুন ১৪২৩ ব./ ০২ মার্চ ২০১৭ খ্রি।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল (জে)ষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
- ২। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সচিব, বিদ্যুৎ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ।
- ৫। জেলা প্রশাসক, (সকল) -----।
- ৬। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ৭। সচিবের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৮। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়, ১৬ আন্দুল গণি রোড, ঢাকা।
- ৯। সিস্টেম এনালিস্ট, আই. সি, টি সেল, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশ এবং ই-মেইলে মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর ও সকল জেলা প্রশাসক বরাবর প্রেরণের জন্য)।
- ১০। অতিঃঃ সচিব (ত্রাক)-এর ব্যক্তিগত কর্মকর্তা, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (অতিঃঃ সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১২৮
(মোঃ ইসমাইল হোসেন)
যুগ্মসচিব (ত্রাক-২)